

যায়যায়দিন

27 MAR 2013

27 MAR 2013

১১ / ৪

গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্লাস বর্জন

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আনুষ্ঠানিক হল, ক্যান্টিন, লাইব্রেরি, নির্যাপত্য বেটনী এবং স্পিড ব্রেকার নির্মাণের দাবিতে ক্লাস, বর্জন, মানববর্জন ও বিকেন্দ্র সমাবেশ করেছে। সোমবার সকাল ৯টায় শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে ক্যাম্পাসে বিকোভ শুরু করে। এরপর দুপুর ১২টার দিকে তারা অ্যাকাডেমিক ডবনের সামনে একই দাবিতে বিভিন্ন স্লোগানসহ মানববর্জন কর্মসূচি পালন করে। মানববর্জন থেকে ৫ দফা দাবি আদায়ের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেয়া হয়।

পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. শাহজাহান শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দলকে তাদের দাবি নিয়ে ডিসির সঙ্গে বৈঠক করার প্রস্তাব দেন। এ সময় বিবিএ দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবদুল্লাহর নেতৃত্বে ২২ সদস্যের একটি প্রতিনিধি দল প্রথমে প্রক্টর ড. মো. শাহজাহান এবং পরে ডিসি খায়রুল আলম খানের সঙ্গে আলোচনায় বসেন। ডিসির সঙ্গে আলোচনা শেষে দুপুর ২টার দিকে শিক্ষার্থীরা তাদের ঘোষিত অনির্দিষ্টকালের ধর্মঘট প্রত্যাহার করে নেন। বিশ্ববিদ্যালয়ের ডিসি বলেন, শিক্ষার্থীদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। তাদের দাবিগুলো ক্রম বাক্যমান করার আশ্বাস দেয়ায় তারা অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছেন।